



গতকাল সোমবার বিজ্ঞান জাদুঘর প্রাঙ্গণ শিশু-কিশোর ও ক্ষুদে বিজ্ঞানীদের স্লোগানে প্রকম্পিত হলো। তাদের স্লোগানে ছিল 'প্রতিবাদের ভাষা, পরিবেশ সুশাসনের কথা' -নবচেতনা

শিল্প মালিকদের প্রতি ই টি পি চালুর অনুরোধ শিক্ষার্থীদের

নবচেতনা রিপোর্ট

বিজ্ঞান জাদুঘর প্রাঙ্গণ শিশু-কিশোর ও ক্ষুদে বিজ্ঞানীদের স্লোগানে প্রকম্পিত হলো। তাদের স্লোগানে ছিল 'প্রতিবাদের ভাষা, পরিবেশ সুশাসনের কথা'। "পানি দূষণ রোধ: বিজ্ঞান ও প্রযুক্তির ভূমিকা" শীর্ষক এক বিজ্ঞান বক্তৃতা প্রতিযোগিতায় অষ্টম শ্রেণির ছাত্রীরা এ দাবি জানায়। জাতীয় বিজ্ঞান ও প্রযুক্তি জাদুঘর কর্তৃপক্ষ গতকাল ১৩.০১.২০২০ইং (সোমবার) এ অনুষ্ঠানের আয়োজন করে। অনুষ্ঠানে ০৩ শিশু শিক্ষার্থী পানি দূষণের ভয়াবহতা সম্পর্কে তাদের বিজ্ঞান ভিত্তিক বক্তৃতা উপস্থাপনা করেন এবং পানি সম্পদ রক্ষার্থে পরিবেশ দূষণ রোধের উপর গুরুত্বারোপ করেন। জাতীয় বিজ্ঞান ও প্রযুক্তি জাদুঘরের মহাপরিচালক মোহাম্মাদ মুনির চৌধুরী বলেন, "জাপানিরা পানি দূষণের কারণে একসময় ভয়াবহ >> পৃষ্ঠা ৭ কলাম ৭

শিল্প মালিকদের প্রতি

শেষের পাতার পর

রোগে আক্রান্ত হয়েছিল"। শিল্প কারখানার বর্জ্যকে পানি দূষণের প্রধান কারণ হিসেবে চিহ্নিত করে তিনি কারখানা মালিকদের সার্বক্ষণিক ই টি পি চালু রেখে ব্যবসায়িক নৈতিকতার রক্ষার আহ্বান জানান।" এরপর মহাপরিচালক মোহাম্মাদ মুনির চৌধুরীর সঙ্গে প্রায় ২ শতাধিক শিশু শিক্ষার্থী স্লোগান তুলেন:-

"ই টি পি গুলো চালু করো,

পরিবেশ দূষণ বন্ধ করো।

চাই দূষণমুক্ত পানি,

মুছে যাক দূষণের গ্লানি।"

অনুষ্ঠান শেষে শিক্ষার্থীদের মাঝে পুরস্কার বিতরণ করা হয়।



শিল্প মালিকদের প্রতি ইটিপি চালুর অনুরোধ

বিজ্ঞান জাদুঘর প্রাপ্ত শিশু-কিশোর ও খুদে বিজ্ঞানীদের স্বেচ্ছায় প্রদর্শিত হলে। তাদের স্বেচ্ছায় ছিল 'প্রতিবাদের ভাষা, পরিবেশ সূশাসনের কথা'। 'পানিদূষণ রোধ : বিজ্ঞান ও প্রযুক্তির ভূমিকা' শীর্ষক এক বিজ্ঞান বক্তৃতা প্রতিযোগিতায় অষ্টম শ্রেণির ছাত্রীরা এ দাবি জানায়। জাতীয় বিজ্ঞান ও প্রযুক্তি জাদুঘর কর্তৃপক্ষ সশ্রুতি এ অনুষ্ঠানের আয়োজন করে। এ সময় জাতীয় বিজ্ঞান ও প্রযুক্তি জাদুঘরের মহাপরিচালক মোহাম্মদ মুনীর চৌধুরী বলেন, জাপানিরা পানিদূষণের কারণে এক সময় ডায়াবহ রোগে আক্রান্ত হয়েছিল। সংবাদ বিজ্ঞপ্তি